

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২২১

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ


প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: মাননীয় প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজার বিষয়ক বিশেষ সহকারী তানভীর গনি এর সাথে বিএসইসি'র সভা।

অদ্য ১৬ এপ্রিল ২০২৬ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজার বিষয়ক বিশেষ সহকারী (প্রতিমন্ত্রী পদমর্যাদা) তানভীর গনি এর সাথে পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সভা অনুষ্ঠিত হয়। রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র কার্যালয়ে বেলা ১১:০০ ঘটিকায় সভাটি শুরু হয়। বিএসইসি'র চেয়ারম্যান খন্দকার রাশেদ মাকসুদ, বিএসইসি'র কমিশনার মুঃ মোহসিন চৌধুরী, বিএসইসি'র কমিশনার মোঃ আলী আকবর, বিএসইসি'র কমিশনার ফারজানা লালারুখ, বিএসইসি'র কমিশনার মোঃ সাইফুদ্দিন, সিএফএ এবং বিএসইসি'র কর্মকর্তাবৃন্দ উক্ত সভায় উপস্থিত ছিলেন।

অনুষ্ঠিত সভায় পুঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের ভূমিকা, সামগ্রিক কার্যাবলী ও প্রাতিষ্ঠানিক কাঠামো ও সক্ষমতা, পুঁজিবাজারের ইকোসিস্টেম ও রেগুলেটরি ফ্রেমওয়ার্ক, পুঁজিবাজারের উন্নয়নে বিএসইসি কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যক্রম ও অর্জিত সাফল্য এবং নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে বিএসইসি'র ভবিষ্যত পরিকল্পনাসহ পুঁজিবাজার সংশ্লিষ্ট বিষয়সমূহ তুলে ধরে একটি প্রেজেন্টেশন প্রদান করা হয়। পুঁজিবাজারের সংস্কার ও টেকসই উন্নয়নে সাম্প্রতিক সময়ে বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ সম্পর্কে মাননীয় বিশেষ সহকারী মহোদয়কে অবহিত করা হয়। এসময় মাননীয় প্রধানমন্ত্রীর বিনিয়োগ ও পুঁজিবাজার বিষয়ক বিশেষ সহকারী মহোদয় পুঁজিবাজারের বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে


মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র

